# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 06.07.2024 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) নারী ও শিশু কল্যাণে পঞ্চায়েতগুলি কেমন কাজ করছে, তার মূল্যায়ণ করবে রাজ্য সরকার।

২) রাজ্যের সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজগুলিতে চোখের চিকিৎসার পরিকাঠামোর বিষয়ে জানতে চেয়ে রিপোর্ট তলব স্বাস্থ্য দপ্তরের।

৩) রাজ্যে চলতি বছরে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় সফল প্রার্থীদের অনলাইন কাউন্সেলিং শুরু হচ্ছে আগামী বুধবার।

নিট-ইউজির কাউন্সেলিং পিছিয়ে যাওয়া নিয়ে প্রচারিত খবর ভুয়ো বলে জানিয়েছে সরকার।

৪) আগামীকাল রথযাত্রা। কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে রাজ্যের সর্বত্রই।

৫) ঘূর্ণাবর্ত ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গে ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস। জলস্তর বাড়ছে নদীগুলিতে।

-----------------------------------------------------------------------------------------

নারী ও শিশু কল্যাণে পঞ্চায়েতগুলি কেমন কাজ করছে রাজ্য সরকার এবার তা পর্যালোচনা করবে। আগামী ১১ই জুলাই থেকে রাজ্যজুড়ে পঞ্চায়েতের মূল্যায়ন শুরু হবে। সেখানেই এবার নারী ও শিশু কল্যাণ কর্মসূচিরও মূল্যায়ন করা হবে বলে সিদ্ধান্ত

হয়েছে। গত অর্থবর্ষে পঞ্চায়েত পিছু বরাদ্দের অন্তত ১৫ শতাংশ নারী ও শিশু কল্যাণের জন্য খরচের নির্দেশ দেওয়া হয়েছিল। পঞ্চায়েতগুলি তা পালন করেছে কিনা তার খতিয়ে দেখা হবে।

এছাড়া যেসব বিষয়ের উপর একটি পঞ্চায়েতকে পরীক্ষা করা হবে সেগুলি হল পরিকল্পনা ও বাজেট, পরিষেবা প্রদান, অর্থনৈতিক শৃঙ্খলা প্রভৃতি। একটি পঞ্চায়েত যে সমস্ত ভবন বা সরকারি বিল্ডিং তৈরি করেছে, তার গুণগত মানের রিপোর্ট, নিজস্ব আয় বাড়াতে কতটা সক্ষম হয়েছে প্রভৃতি বিষয় খতিয়ে দেখা হবে বলে ঠিক হয়েছে।

-----------------------------------

রাজ্যের সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজগুলিতে চোখের চিকিৎসার জন্য বর্তমানে কি পরিকাঠামো রয়েছে, সে বিষয়ে স্বাস্থ্য দপ্তর সব জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও হাসপাতাল সুপারদের কাছে সাত দিনের মধ্যে রিপোর্ট তলব করেছে। পাশাপাশি সংক্রমন প্রতিরোধে কি পদক্ষেপ গ্রহন করা হয়েছে এবং চোখের অস্ত্রপচারের সময় কি কি নিয়ম মেনে চলতে হবে, তা নিয়েও দপ্তরের তরফে মান্য কার্য্যবিধি - এসওপি জারি করা হয়েছে। চোখের পরীক্ষায় ব্যবহৃত বিভিন্ন ধরনের সরঞ্জাম ও অপারেশন থিয়েটার নিয়মিত জীবানুমুক্ত করার জন্য নির্দিষ্ট কিছু নিয়ম বেঁধে দেওয়ার সঙ্গে সঙ্গে অস্ত্রোপচারের সময় ব্যবহৃত ওষুধ ও ফ্লুইড ব্যবহারের আগে সেগুলির ব্যাচ নম্বর নথিভুক্ত করতে হবে বলে জানানো হয়েছে। সম্প্রতি গার্ডেনরিচ সুপার স্পেশালিটি হাসপাতালে ছানি অপারেশনের পর একসঙ্গে ১৬ জন চোখে দেখতে পাচ্ছিলেন না বলে অভিযোগ ওঠে। সংক্রমনের কারনেই এই ঘটনা বলে চিকিৎসকদের অভিমত।

-----------------------------------

শহর কলকাতায় ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই ভালো বলে রাজ্যের পুর ও নরগোরন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। পুরভবনে আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে মেয়র বলেন, গতবছর যেখানে শহরে ১৭৯ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছিলেন, এবছর তা কমে হয়েছে ১১২। আক্রান্তরা সকলেই সুস্থ আছেন বলে মেয়র জানান। ডেঙ্গু প্রতিরোধে মানুষের সচেতনতার ওপরেও জোর দিয়েছেন তিনি।

বাইট ফিরহাদ

ডেঙ্গু মোকাবিলায় রাজ্য সরকারের কোনো প্রস্তুতি নেই বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অধীর বাবু বলেন,

বাইট অধীর

----------------------------------

রাজ্যে চলতি বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় সফল প্রার্থীদের অনলাইন কাউন্সেলিং শুরু হবে আগামী বুধবার। আজ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দিয়ে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের সভাপতি সোনালী চক্রবর্তী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন পাঁচ তারিখ পর্যন্ত এই কাউন্সেলিং চলবে। কাউন্সেলিং-এ অংশ নেওয়ার জন্যে জয়েন্ট বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। পরে মেধাতালিকা অনুযায়ী ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার সব বিভিন্ন বিভাগে মোট ৩৫ হাজার আসনে ভর্তি হতে পারবেন প্রার্থীরা।

----------------------------------

নিট ইউজি-র কাউন্সেলিং পিছিয়ে যাওয়া নিয়ে যে খবর প্রচারিত হয়েছে, তা ভুল বলে স্বাস্থ্যমন্ত্রক স্পষ্টভাবে জানিয়েছে। মন্ত্রক বলেছে, এখনও পর্যন্ত স্নাতকস্তরে ডাক্তারির প্রবেশিকায় কাউন্সেলিং-এর কোনো নির্দিষ্ট তারিখ ঘোষণাই করা হয়নি। স্বাভাবিকভাবে তা পিছিয়ে যাওয়ারও কোনো প্রশ্ন ওঠেনা।

আজ থেকেই এই কাউন্সেলিং শুরু হওয়ার কথা ছিল বলে দাবি করা হয়। এর আগে আজ সকালে বিভিন্ন সংবাদমাধ্যমে কাউন্সেলিং প্রক্রিয়া পিছিয়ে দেওয়ার খবর প্রকাশ্যে আসে। যদিও সুপ্রিম কোর্ট কাউন্সেলিং প্রক্রিয়ার ওপর স্থগিতাদেশ দিতে আগেই অস্বীকার করেছে।

নিট পরীক্ষা বাতিল সহ একগুচ্ছ আবেদনের ওপর আগামী সোমবার শীর্ষ আদালতে শুনানি হবে।

---------------------------------

রাজ্যে আসন্ন চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে উত্তর ২৪ পরগণার বাগদা এবং রানাঘাট দক্ষিণ, আসন দুটি নির্বাচন কমিশনের বিশেষ নজরে রয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, এই দুটি আসনই তুলনামূলকভাবে উত্তেজনাপ্রবণ হওয়ায় কুইক রেসপন্স টিম কিউআরটি-র পাশাপাশি বুথ নিরাপত্তায় যত বেশি সম্ভব সশস্ত্র জওয়ান মোতায়েনের বিষয় ভাবনা চিন্তা চলেছে। এর মধ্যে বাগদা আসনে ভোটকেন্দ্রগুলিতে ৯৬০ জন কেন্দ্রীয় বাহিনীর জওয়ান থাকবে। কিউআরটি টিমে থাকছেন ১৯৩ জন কেন্দ্রীয় জওয়ান। রানাঘাট দক্ষিণ আসনে ৯০০ জন নিরাপত্তা কর্মীর পাশাপাশি ১৮০ জন কেন্দ্রীয় জওয়ান কিউআরটি টিমে থাকছেন।

কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জ আসনে তুলনামূলক কম সংখ্যক কেন্দ্রীয় বাহিনী থাকছে। রায়গঞ্জে ৬৭২ জন জওয়ান থাকছেন ভোট কেন্দ্রে এবং মানিকতলায় থাকছেন ৭২০ জন জওয়ান।

সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনে রাজ্যের বিভিন্ন জায়গা থেকে কিউআরটি টিমের বিভিন্ন কাজকর্ম নিয়ে প্রশ্ন ওঠায় সেদিকে বিশেষভাবে নজর দিয়েছে কমিশন।

১০ ই জুলাই এই চার আসনে উপনির্বাচনে ভোটগ্রগণ।

-----------------------------------

উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস সন্ত্রাসের আশ্রয় নিয়ে ভোট করাতে চাইছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি মন্তব্য করেছেন। আজ উত্তর ২৪ পরগণার বাগদায় দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নিয়ে শুভেন্দু বাবু বলেন, তৃণমূল কংগ্রেসের লোভের কারণেই এই উপনির্বাচনের প্রয়োজন হচ্ছে।

বাইট শুভেন্দু

বাজিতপুর বাজার থেকে সিন্দ্রানি পর্যন্ত পদযাত্রাও করেন শুভেন্দু অধিকারী। পথ চলতি মানুষের সঙ্গে কথাও বলেন তিনি।

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুর আজ ঐ আসনে দলীয় প্রার্থী মধুপর্ণা ঠাকুরের সমর্থনে বাগদার সিন্দ্রানিতে জনসংযোগ করেন।

ঐ আসনে ফরোয়ার্ড ব্লক প্রার্থী গৌরাদিত্য বিশ্বাস বাড়ি বাড়ি জন সংযোগ সারছেন।

কংগ্রেস প্রার্থী অশোক কুমার হালদারও বাড়ি বাড়ি প্রচার চালাচ্ছেন।

-----------------------------------

নদীয়ার রানাঘাট দক্ষিণ বিধানসভা উপনির্বাচনে বিজেপি, তৃণমূল কংগ্রেস ও সিপিআইএম প্রার্থীরা ভোটারদের মন জয় করতে জোরদার প্রচার চালাচ্ছেন।
এদিন রানাঘাটের বৈদ্যপুর সহ কিছু এলাকায় প্রচার সারেন বিজেপি প্রার্থী মনোজ কুমার বিশ্বাস।

তৃণমূল কংগ্রেসের মুকুটমণি অধিকারী এদিন হবিবপুর এলাকায় পায়ে হেঁটে জনসংযোগ করেন।
সিপিআইএম প্রার্থী অরিন্দম বিশ্বাস এদিন পায়ে হেঁটে হরিতলা কলোনী এলাকায় প্রচারে অংশ নেন।
উল্লেখ্য ,গত লোকসভা নির্বাচনের আগে রানাঘাট দক্ষিণ বিধানসভা আসন থেকে ডঃ মুকুটমনি অধিকারি পদত্যাগ করেন । দলবদল করে তৃণমূল কংগ্রেসের যোগদান করেন।বিধানসভার আসনটি শূন্য হয়।

-----------------------------------

ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিবস আজ সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে। কলকাতায় জাতীয় গ্রন্থাগারে তাঁর প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। তিনি ভিক্টোরিয়া মেমোরিয়ালও পরিদর্শন করেছেন।

তমলুকে জেলা বিজেপি কার্যালয়ে এক অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, শ্যামাপ্রসাদের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। চারাগাছ রোপণ ও বিতরণও করেন তিনি।

রেডরোডে শ্রদ্ধা নিবেদন করেন, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য, বিজেপি নেতা তাপস রায়, তমোঘ্ন ঘোষ প্রমুখ। বিজেপির দলীয় কার্যালয় মুরলীধর সেন লেনেও শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

---------------------------------

কুখ্যাত গ্যাংস্টার সুবোধ সিং-এর আরও এক সহযোগীকে সিআইডি গ্রেপ্তার করেছে। সাহিল নামে ঐ দুষ্কৃতীকে বিহারের ছাপড়া থেকে ধরা হয়। ট্রানজিট রিম্যান্ডে তাকে কলকাতায় নিয়ে আসা হয়েছে। সিআইডি সুবোধকে হেফাজতে নিয়ে জেরা করছে। সেই সময় সাহিলের নাম উঠে আসে। বি টি রোডে ব্যবসায়ী অজয় মন্ডলের গাড়িতে গুলি চালনা এবং ব্যবসায়ী ভকত সিং-কে হুমকি দেওয়ার ঘটনায় এই সাহিল জড়িত বলে জানা গেছে।

---------------------------------

বীরভূমের বোলপুর থানার রায়পুর সুপুর গ্রাম পঞ্চায়েতের নতুনগীত গ্রামে অগ্নিদ্বগ্ধ শেখ তুতোর আজ বর্ধমানে মেডিকেল কলেজে মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাতে ঘরের মধ্যে আগুন লাগানো হলে শেখ তুতোর চার বছরের ছেলে আয়ান শেখ ও স্ত্রী রূপা বিবির মৃত্যু হয়। গুরুতর জখম অবস্থায় শেখ তুতোকে বর্ধমানে ভর্তি করা হয়।

এদিকে তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই উত্তাল হয়ে ওঠে এলাকা। ঘটনাস্থলে যান রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিনহা এবং সাংসদ অসিত মাল। জেলা পুলিশ সুপার রাজ নারায়ণ মুখোপাধ্যায়ের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী বিক্ষুব্ধদের শান্ত করার চেষ্টা করে। ঘটনার তদন্তে ফরেন্সিক টিমের সাহায্য চাওয়া হচ্ছে বলে জানিয়েছেন পুলিশ সুপার। শেখ তুতোর ভাইয়ের স্ত্রী স্মৃতি বিবি এবং গ্রামের এক হাতুড়ে ডাক্তার চন্দনকে

জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করেছে পুলিশ। অবৈধ সম্পর্কে বাধা হয়ে দাঁড়ানোয় পরিবারটিকে পুড়িয়ে মারার পরিকল্পনা করা হয় বলে মনে করছে পুলিশ।

-----------------------------------

পারিবারিক বিবাদের জেরে ৩৫ বছরের এক যুবককে মারধরের পর শ্বাসরোধ করে খুনের অভিযোগ উঠেছে সৎ ভাই ও তার পরিবারের লোকজনদের বিরুদ্ধে। আজ দুপুরে দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটের আমড়াতলা পঞ্চায়েতের জমাদার পাড়া এলাকার ওই ঘটনায় নিহতের নাম আলা সরদার। তার সৎ ভাই লাল্টু সরদারকে গ্রেফতার করেছে পুলিশ। রবিবার ধৃতকে ডায়মন্ড হারবার মহকুমা আদালতে পেশ করা হবে।

-----------------------------------

আগামীকাল রথযাত্রা। সারা দেশের সঙ্গে এরাজ্যেও মহা সমারোহে রথযাত্রার আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল কলকাতার ইস্কনের রথযাত্রার সূচনা করবেন। দুপুর দুটোয় অ্যালবার্ট রোডে ইস্কন মন্দির প্রাঙ্গনে রথের রশি টেনে রথযত্রার সূচনা করা হবে।

রাজ্যের ঐতিহ্যবাহী ৬২৮ বছরের প্রাচীন হুগলীর মাহেশে রথযাত্রায় বহু মানুষের সমাগম হবে। জেলার আর এক প্রান্তে গুপ্তিপাড়া রথযাত্রাকে কেন্দ্র করে মানুষ ইতোমধ্যেই উৎসবে সামিল হয়েছেন।

উত্তর কলকাতার বাগবাজার জগন্নাথ মন্দির পরিচালন সমিতির উদগ্যোগে আগামীকাল পালিত হবে রথাযাত্রা।

এই উপলক্ষে রাজ্যের সর্বত্রই কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। সর্বত্র আইনশৃঙ্খলা পরিস্থিতি নির্বিঘ্ন রাখতে রাজ্য সরকার, সব জেলা পুলিশ সুপার এবং কমিশনারদের নির্দেশ দিয়েছে। রাজ্যের নিরাপত্তার দায়িত্বে থাকা এডিজি পদমর্যাদার আধিকারিক পীযূষ পান্ডে গতকাল শীর্ষ স্তরের কর্তা ব্যক্তিদের সঙ্গে বৈঠক করেন। রথযাত্রার সময়ে জন্য পুলিশকে সাদা পোশাকে থেকে পরিস্থিতির ওপর নজর রাখতে বলা হয়েছে। গন্ডগোলের সম্ভাবনা এড়াতে গোয়েন্দা বিভাগকে আরো সক্রিয়ভাবে কাজ করার কথা বলেছেন আধিকারিকরা।

রথযাত্রা ও উল্টো রথ উপলক্ষে পূর্ব রেলের হাওড়া ডিভিশন, হাওড়া ও ব্যান্ডেলের মধ্যে বিশেষ লোকাল ট্রেন চালাবে বলে পূর্ব রেল সূত্রে জানা গেছে।

-----------------------------------

ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে আগামী ২৪ ঘণ্টায় উত্তরবঙ্গের জেলাগুলিতে কিছু কিছু জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং দু এক জায়গায় অতি প্রবল বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

-----------------------------------

ব্যারাকপুর ষ্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ও রেনবো আথলেটিক ক্লাবের মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে। মোহনবাগানের পক্ষে সাহিল ভাটদুটি গোল করেছেন। রেনবোর, সৌরভ দাশগুপ্ত ও রঞ্জন বর্মন গোল করেন। মোহনবাগান পরপর দুটি ম্যাচ ড্র করলো।

নৈহাটিতে আজ অন্য ম্যাচে ভবানীপুর ক্লাব ৫-১ গোলে কালীঘাট এবং কল্যাণীতে পিয়ারলেস স্পোর্টস ক্লাব ৩-০ গোলে পুলিশ এ সি, কে হারিয়ে দিয়েছে।